যে ব্যক্তি বলবে : (لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ) “আল্লাহ ছাড়া কোন সত্য মাবূদ নেই , তিনি একক, তাঁর কোনো শরীক নেই , তাঁরই জন্য সমস্ত রাজত্ব , তারই জন্য যাবতীয় প্রশংসা এবং তিনি সকল বস্তুর উপর সর্বশক্তিমান। ” দশবার

আবূ আইয়ূব রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত , নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন , তিনি বলেছেন: যে ব্যক্তি বলবে : (لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ) “আল্লাহ ছাড়া কোন সত্য মাবূদ নেই , তিনি একক, তাঁর কোনো শরীক নেই, তাঁরই জন্য সমস্ত রাজত্ব , তারই জন্য যাবতীয় প্রশংসা এবং তিনি সকল বস্তুর উপর সর্বশক্তিমান। ” দশবার সে যেন ইসাম‘ঈল ‘আলাইহিস সালামের সন্তানদের থেকে দশজনকে আযাদ করল।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে সংবাদ দিয়েছেন , যে ব্যক্তি বলবে , (لَا إِلَــهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ) এর অর্থ “আল্লাহ ছাড়া কোন প্রকৃত মাবূদ নেই , তিনি একক, তাঁর কোনো শরীক নেই , সমস্ত রাজত্ব তাঁরই জন্য , ভালোবাসা ও সম্মানসহকারে একমাত্র তাঁরই জন্য যাবতীয় প্রশংসা ও গুণগান এবং তিনি সকল বস্তুর উপর সর্বশক্তিমান , কোন কিছু তাঁকে অক্ষম করতে পারে না। যে ব্যক্তি এ মহান যিকির দৈনিক দশবার বলবে, তার জন্য ইসমা ‘ঈল ইবন ইবরাহীম ‘আলাইহিমাস সালামের সন্তানদের থেকে চারজন গোলাম আযাদ করার সাওয়াব হবে। এখানে ইসমা‘ঈল ‘আলাইহিস সালামের বংশধরদেরকে নির্দিষ্ট করার কারণ হলো তারা অন্যান্যদের তুলনায় উৎকৃষ্ট বংশের লোক।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5517